# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা
E-Mail: info@pcb.gov.bd, web: www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৩-৬১৮০ তারিখঃ ১৪ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের স্থায়ী শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে নিম্নোক্ত বেতন গ্রেডে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক | ০৪ | ৯ম গ্রেড | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অব ফার্মেসিতে (বি. ফার্ম) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-প্রাপ্ত এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে 'এ' ক্যাটাগরিতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ২। | সহকারী নিবন্ধক | ০১ | ৯ম গ্রেড | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অব ফার্মেসিতে (বি. ফার্ম) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-প্রাপ্ত এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে 'এ' ক্যাটাগরিতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ৩। | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক | ০১ | ৯ম গ্রেড | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অব ফার্মেসিতে (বি. ফার্ম) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-প্রাপ্ত এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে 'এ' ক্যাটাগরিতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ৪। | সহকারী পরিচালক (আইটি) | ০১ | ৯ম গ্রেড | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রোগ্রামিং-এর জন্য অবশ্যই Standard Aptitude Test (SAT) এ উত্তীর্ণ হতে হবে এবং<br>(গ) যে কোন স্বীকৃত পেশাভিত্তিক কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য (Associate Membership) হতে হবে। |
| ৫। | আইটি কর্মকর্তা | ০৩ | ১০ম গ্রেড | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-সহ ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test (SAT) এ উত্তীর্ণ হতে হবে। |
| ৬। | উচ্চমান সহকারী কাম-ক্যাশিয়ার | ০১ | ১৩তম গ্রেড | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য শাখায় অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) হিসাবরক্ষণ কাজে অন্যূন ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৭। | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ০৩ | ১৬তম গ্রেড | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার কম্পোজের গতি সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে। |
| ৮। | ডেসপাস রাইডার | ০১ | ১৯তম গ্রেড | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মটরসাইকেল চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৯। | অফিস সহায়ক | ০৩ | ২০তম গ্রেড | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

### শর্তাবলিঃ

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

(ক) প্রার্থীর বয়সসীমা (১৫.০৬.২০২৩ তারিখে)ঃ
(১) সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর।
(২) শুধু মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।
(৩) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (ক্রমিক নং ৪, ৫ ও ৭ এ বর্ণিত পদের জন্য প্রযোজ্য) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন।

(গ) প্রার্থীর যোগ্যতা যাচাইঃ
(১) লিখিত/মৌখিক পরীক্ষার সময় ছবিযুক্ত মূল প্রবেশপত্র সাথে আনতে হবে।
(২) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
(৩) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
(৪) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
(৫) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
(৬) কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।
(৭) বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(ঘ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসমাঞ্জস্যপূর্ণ তথ্য প্রদান করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(চ) অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য, নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে আবেদনপত্র নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ছ) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(জ) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা নিয়োগ প্রদানের সিদ্ধান্ত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ঝ) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

(ঞ) নিয়োগের ক্ষেত্রে কাউন্সিলের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এতদ্সংক্রান্ত বিধি-বিধান কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ট) যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঠ) আবেদনপত্রের সাথে ১-৪ নং ক্রমিকের পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা, ৫ নং ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, ৬-৭ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৮-৯ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **'বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল'** বরাবর জমা দিতে হবে।

(ড) **ঘোষণাপত্র (Declaration)ঃ** এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা/চাকরি বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঢ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ওয়েবসাইটে **(www.pcb.gov.bd)** দেখা যাবে। আবেদন ফরম, নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.pcb.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

(ণ) একই ব্যক্তির একাধিক পদে আবেদন করার কোন সুযোগ নেই। একাধিক পদে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রার্থীদেরকে প্রার্থীত পদের নাম অবশ্যই খামের উপর উল্লেখ করতে হবে।

(ত) আবেদনপত্র **১৬.০৭.২০২৩ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার** মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবর পৌছাতে হবে।

**(মুহাম্মদ মাহবুবুল হক)**
সচিব
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল